

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০২৫.২০১৪- ১৪৭

তারিখঃ ২২.০৯.২০১৫ ইং।

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ রেফাত উদ্দীন তারেক, কোড নং-১২৫৩৮১, সহকারী সার্জন, জামজামি ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধির আওতায় 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, আপনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লেখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারী "চাকরী হতে বরখাস্ত" (Dismissal from service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এক্ষেণে, সেহেতু কেন আপনাকে উক্ত বিধি মালার ৪ (৩) (ডি) বিধি মোতাবেক সরকারী "চাকরী হতে বরখাস্ত" (Dismissal from service) করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭ (৬) বিধি মোতাবেক চিঠি প্রাপ্তির ০৭ (সাত)টি কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হলো।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

(বিমান কুমার সাহা এনজিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক,

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০২৫.২০১৪- ২৪৭/১৫৩

তারিখঃ ২২.০৯.২০১৫ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। সিভিল সার্জন, চুয়াডাঙ্গা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৬। ডাঃ মোঃ রেফাত উদ্দীন তারেক, কোড নং-১২৫৩৮১, সহকারী সার্জন, জামজামি ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

(স্বঃ) মোঃ মোস্তাফিজুর রহমান
সহ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৪১.২০১৪- ২৫০

তারিখঃ ২২.০৯.২০১৫ ইং।

আদেশ

যেহেতু মিসেস কনিজা ফেরদৌস, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বর্তমানে পুষ্টি কর্মকর্তা, এম সি এইচ টি আই, আজিমপুর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে বিভাগীয় মামলা বুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয়,

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং সে প্রেক্ষিতে তীর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়,

এমতাবস্থায়, নথীভুক্ত কাগজপত্র, দাখিলকৃত জবাব, শুনানী, সুস্পষ্টভাবে বিচার বিশ্লেষণ ও সার্বিক প্রেক্ষাপট বিবেচনা করে মিসেস কনিজা ফেরদৌস, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বর্তমানে পুষ্টি কর্মকর্তা, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(এ) বিধি মোতাবেক তিরস্কার দণ্ড প্রদান করে অত্র বিভাগীয় মোকদ্দমা নিষ্পত্তি করা হলো।

(বিমান কুমার সাহা এনজিসি)
অতিরিক্ত সচিব

উপ পরিচালক,
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৪১.২০১৪- ২৫০/১(৮)

তারিখঃ ২২.০৯.২০১৫ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ২। মহা-পরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- ৩। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৪। উপসচিব (পরিবার কল্যাণ-২), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (শৃংখলা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮। মিসেস কনিজা ফেরদৌস, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বর্তমানে পুষ্টি কর্মকর্তা, এম সি এইচ টি আই, আজিমপুর, ঢাকা।

(মোঃ অনোয়ার হোসেন)
সহকারী সচিব